বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়
গাজীপুর-১৭০৬, বাংলাদেশ, টেলিফোন-(০২) ৯২০৫৩২৩, ফ্যাক্স-৮৮০-০২-৯২০৫৩৩৩, ৯২০৫৩১৬
BANGABANDHU SHEIKH MUJIBUR RAHMAN AGRICULTURAL UNIVERSITY
GAZIPUR-1706, BANGLADESH, TELEPHONE-(02)9205323, FAX- 880-02-9205333, 9205316 WEB- www.bsmrau.edu.bd

স্মারক নং : বশেমুরকৃবি/প্রশা/এস ৪৬/২০২০/ ১৪৬৬ তারিখ: ১৭/১১/২০২০

বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাইতেছে যে, করোনা মহামারীর (কোভিড-১৯) কারণে উদ্ভুত পরিস্থিতিতে পাবলিক বিশ্ববিদ্যালয়সমূহে Online শিক্ষা কার্যক্রম পরিচালনার লক্ষ্যে আর্থিকভাবে অসচ্ছল শিক্ষার্থীদের মধ্যে সুদবিহীন ঋণের আওতায় Smartphone ক্রয়ের জন্য ঋণ প্রদানের নিমিত্তে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন "শিক্ষার্থীদের Softloan নীতিমালা" প্রণয়ন করিয়াছে। এই নীতিমালার আওতায় ইতিপূর্বে আবেদনকৃত অস্বচ্ছল ছাত্র/ছাত্রীদের নিকট হইতে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে ডীন মহোদয়গণের মাধ্যমে সাদা কাগজে ২০/১২/২০২০ তারিখের মধ্যে রেজিস্ট্রার বরাবর দরখাস্ত আহবান করা যাইতেছে।

নীতিমালায় প্রদত্ত শর্তাবলী :

১। ঋণের সম্পূর্ণ অর্থ ফেরত না দেওয়া পর্যন্ত সংশ্লিষ্ট শিক্ষার্থীর নামে কোন ট্রান্সক্রিপ্ট ও সাময়িক/মূল সনদ ইস্যু করা হইবে না;

২। সুদ বিহীন এই ঋণের অর্থ সংশ্লিষ্ট শিক্ষার্থীকে বিশ্ববিদ্যালয় খোলার পর কিংবা অধ্যয়নকালীন সময়ে ৪টি সমান কিস্তিতে বা এককালীন পরিশোধ করিতে হইবে;

৩। ঋণের সর্বোচ্চ সিলিং হইবে ৮০০০/-(আট হাজার) টাকা।

১৭.১১.২০২০
(মো. সিরাজুল ইসলাম তালুকদার)
রেজিস্ট্রার
টেলিফোন-৯২০৫৩২৩

সংলগ্নী : বর্ণনামতে।

স্মারক নং : বশেমুরকৃবি/প্রশা/এস ৪৬/২০২০/১৪৬৭ তারিখ: ১৭/১১/২০২০

সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হইল।

১। ট্রেজারার, বশেমুরকৃবি (নীতিমালার কপি সংযুক্ত)।
২। সকল ডীন, বশেমুরকৃবি (নীতিমালার কপি সংযুক্ত)।
৩। পরিচালক (ছাত্র কল্যাণ), বশেমুরকৃবি (নীতিমালার কপি সংযুক্ত) ।
৪। প্রক্টর, বশেমুরকৃবি (নীতিমালার কপি সংযুক্ত)।
৫। সকল প্রভোস্ট, বশেমুরকৃবি (নীতিমালার কপি সংযুক্ত) ।
৬। সহকারী রেজিস্ট্রার, ভাইস-চ্যান্সেলর দপ্তর, বশেমুরকৃবি।
৭। অফিস নথি/মাস্টার নথি।

১৭.১১.২০২০
(নাসের সালেহ চৌধুরী)
উপ-রেজিস্ট্রার

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
University Grants Commission of Bangladesh
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
website: www.ugc.gov.bd
বাংলাদেশ
বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
মুজিব শতবর্ষ MUJIB 100

করোনা মহামারীর (কোভিড-১৯) কারণে উদ্ভূত পরিস্থিতিতে পাবলিক বিশ্ববিদ্যালয়সমূহে Online শিক্ষা কার্যক্রম পরিচালনার লক্ষ্যে আর্থিকভাবে অস্বচ্ছল শিক্ষার্থীদের সুদবিহীন ঋনের আওতায় Android Device/ Smartphone- ক্রয়ের জন্য ঋণ প্রদানের নিমিত্তে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন "শিক্ষার্থীদের Softloan নীতিমালা" প্রণয়ন করিল।

১। শিরোনাম ঃ
এই নীতিমালা পাবলিক বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত আর্থিকভাবে অস্বচ্ছল শিক্ষার্থীদের **Android Device/ Smartphone**-ক্রয় সংক্রান্ত ঋণ প্রদান নীতিমালা, ২০২০ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা ঃ
বিষয় অথবা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে এই নীতিমালায়-
(ক) "কমিশন" অর্থ ১৯৭৩ সালের রাষ্ট্রপতির আদেশ নম্বর-১০ দ্বারা প্রতিষ্ঠিত বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন;
(খ) "বিশ্ববিদ্যালয়" অর্থ বাংলাদেশে আইন দ্বারা প্রতিষ্ঠিত সরকারী বিশ্ববিদ্যালয়;
(গ) "শিক্ষার্থী" অর্থ বিশ্ববিদ্যালয়ে স্নাতক/স্নাতকোত্তর পর্যায়ে অধ্যয়নরত ছাত্র/ছাত্রী;
(ঘ) "ঋণ" অর্থ **Android Device/ Smartphone** ক্রয়ের জন্য প্রদেয় ঋণ;
(ঙ) "ঋণ গ্রহীতা" অর্থ পাবলিক বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত আর্থিকভাবে অস্বচ্ছল শিক্ষার্থী যাহারা এই নীতিমালার আওতায় ঋণ প্রাপ্তির যোগ্যতা সম্পন্ন;

৩। নীতিমালা প্রয়োগ ঃ
এই নীতিমালা পাবলিক বিশ্ববিদ্যালয়সমূহে অধ্যয়নরত আর্থিকভাবে অস্বচ্ছল শিক্ষার্থীদের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

৪। **ঋণ প্রাপ্তির যোগ্যতা ঃ**
এই নীতিমালার ২ (ঙ) অনুসারে আবেদনকারীকে শিক্ষার্থী হইতে হইবে।

৫। ঋণের নির্ধারিত সর্বোচ্চ সিলিং ঃ
(ক) ঋণের সর্বোচ্চ সিলিং হইবে ৮,০০০/- (আট হাজার টাকা)।

৬। আর্থিকভাবে অস্বচ্ছল শিক্ষার্থীদের **Smartphone** ক্রয়ের জন্য **Softloan** অনুমোদন কমিটিঃ
শিক্ষার্থীদের মধ্যে ঋণ বরাদ্দ সুপারিশ করার জন্য সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের উপাচার্য একটি "**Softloan** অনুমোদন কমিটি" গঠন করিবেন।

৭। **ঋণের সুদের হার ঃ**

ইহা সুদমুক্ত ঋণ। ঋণ গ্রহীতাকে আসল অর্থ পরিশোধ করিবেন।

০৪/১১/২০

৮। ঋণ অনুমোদন প্রক্রিয়াকরণ ঃ

(ক) পাবলিক বিশ্ববিদ্যালয়ে **"শিক্ষার্থীদের Softloan"** নামে পৃথক তহবিল/ব্যাংক হিসাব খুলিতে হইবে;

(খ) এই অর্থ বিশ্ববিদ্যালয়ের ২০২০-২০২১ অর্থ বছরের বার্ষিক বরাদ্দের বিপরীতে অগ্রিম হিসেবে সংশ্লিষ্ট খাতে সংশোধিত বাজেটে বরাদ্দ প্রদান করা হইবে।

(গ) ইতোমধ্যে বিশ্ববিদ্যালয় কর্তৃক আর্থিকভাবে অস্বচ্ছল শিক্ষার্থীদের যে তালিকা কমিশনে প্রেরণ করা হয়েছে তাদেরকে **Softloan** এর বিষয়টি যথাযথভাবে অবহিত করিতে হইবে।

(ঘ) **"শিক্ষার্থীদের Softloan অনুমোদন কমিটি"** সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয় কর্তৃক কমিশনে প্রেরিত তালিকায় শিক্ষার্থীর নাম আছে কিনা তা পুনরায় যাছাই করিয়া দেখিতে হইবে এবং কমিটির সুপারিশের আলোকে অনধিক ৮,০০০/- টাকা সংশ্লিষ্ট শিক্ষার্থীকে ব্যাংক হিসাবের মাধ্যমে আগামী ৩১ জানুয়ারি, ২০২১ এর মধ্যে বরাদ্দ প্রদান করিবেন।

(ঙ) **Smartphone** ক্রয়ের ভাউচারটি সংশ্লিষ্ট শিক্ষার্থীকে ১০ ফেব্রুয়ারী ২০২১ এর মধ্যে **Softloan অনুমোদন কমিটি**'র সদস্য-সচিব এর নিকট জমা দিতে হইবে।

(চ) Softloan প্রাপ্ত শিক্ষার্থীদের একটি তালিকা ১৫ই ফেব্রুয়ারি, ২০২১ এর মধ্যে **"Softloan অনুমোদন** কমিটি"-এর সদস্য সচিবের মাধ্যমে বিভাগীয় সভাপতি/বিভাগীয় প্রধান/পরিচালক-এর নিকট প্রেরণ করিতে হইবে এবং অনুরূপ একটি তালিকা কমিশনের অর্থ ও হিসাব বিভাগে প্রেরণ করিবেন।

৯। ঋণ আদায় পদ্ধতি ঃ

(ক) সুদ বিহীন এই ঋণের অর্থ সংশ্লিষ্ট শিক্ষার্থীকে বিশ্ববিদ্যালয় খোলার পর কিংবা অধ্যয়নকালীন সময়ে ৪টি সমান কিস্তিতে বা এককালীন পরিশোধ করিতে হইবে।

(খ) ঋণের সম্পূর্ণ অর্থ ফেরত না দেওয়া পর্যন্ত সংশ্লিষ্ট শিক্ষার্থীর নামে কোন ট্রান্সক্রিপ্ট ও সাময়িক/মূল সনদ ইস্যু করা যাইবে না।

04/11/20